

শ্রীশ্রীরাসবিলাসাখ্য গ্রন্থঃ।






এমিভাগবভীয় রাসপঞ্চাধ্যায়ের মূল

এমৎ স্থামি ও গোষ্ঠামিগণের টিপ্পনী ব্যথান্তুসারে তদীয়ার্থ

জীযুক্ত জ্বীনারায়ণ চট্টরাজ গুণনিধি কর্তৃক প্রাচীন রীত্যস্থসারে প্রারাদি শানা চ্ছদে রচিত।

इमानी श

জীবুক্ত নৃত্যালাল শীল এবং শ্রীযুক্ত কানাইলাল শ্রুণর আদেশান্তুসারে





চিৎপুররোড বটতলা ২৪৬ নং ভবনে। ত্রীপুত বেণীশাধর দের বিদারির যত্রে মুক্তি।

मग्रद १३९७.(शीय।


মূল্য এত আট আৰা মাত।

विकांशन।

অশেষগুণালকে শ্রীযুক্ত শ্রীনারায়ণ চউরাজ গুণনিধি মহাণয় শ্রীযুক্ত কেশবচন্দ্র কর্মকারাদেশে এই গ্রন্থ অন্তবাদ করেন এবং উক্ত কর্মাকার এই গ্রন্থের স্বর্জাধিকারী ছিলেন তদনন্তর উক্ত স্বত্তাধিকারী স্বাস্থ্য স্বত্ত্ব পশ্চালিখিত আমাদিণেরকৈ বিক্রয়করেন এইক্ষণে এই গ্রন্থের পূর্ণ স্বত্তাধিকারী আমরা হইলাম ইতি।

श्रीम्डानानं भीन। श्रीकानं हिनान भीन।

কলিকাতা।) আহীরীটোলা ১ নং বাটী।)



ঞীরাসবিলাস।

বল্দে গুরোঃ শ্রীচুরণং মূরারেঃপাদাক্তপ্রেমামৃতবারিবাছ। সংসারতাপাপভূদং শরণ্যং শ্ব শুক্তদাতু মুকুলৈনিমেরেং । জীরাদের নবীননীরদমদ প্রধংসিনীলছাতিঃ। শ্রীরাধামধুরাধর্যক্রে ভঙ্গধাসংসিক্তনেকোৎপলঃ॥ শ্রীমজাসবিলা গুবিজমভরোদ্ভার্ডোজগন্মোহনঃ। প্রোমীলমু রলীনিনাদমধুরোন্তান্নিক্ঞেহরিঃ॥ বন্দে চৈতন্যচন্দ্রং কলিকলুবত্নে ধ্রংসিনং সাবগৃতং। সাবৈত্তং শ্বীয়ভক্তব্রজসহমিলিতং প্রক্ষু রংম্মেরন্ত্রং॥ শ্রীরুপং সাব্রজ্বত্ত সকরণমনসা ভক্তিতত্ত্বং দিশন্তং শ্রীরুপং সাব্রজ্বত সকরণমনসা ভক্তিতত্ত্বং দিশন্তং

যথারাগ। জয় জয় পরানন্দ, প্রীপ্তরুচরণদ্বন্দৃ, রুক্প্রেম্যানন্দ জলধর। সংসার মরুকাননে, পরিভ্রান্ত জীবগর্টা, শীতল করণে স্কৃতৎপর।। য় ভক্ত চাতকগণ, যে চরণ সন্দর্শন, করি-ইতে স্র্রেশা উৎক্ষিত। সে তব চরণমূলে, ফুলকমলশীতলে, ফুলক মম শিরোবিলুপ্তিত।। জয় জয় নবঘন, নিন্দিকান্তি সুশোভন, মনমথ মথনমূরতি। রাধার মধুরাধর, শিত সুধা সিক্ততর, নেত্র নব নীলোৎপল্যাত।। প্রীরাস্বিলাস রস, বিভ্রমেতে পরবশ, জগজন মোহন সুঠাম। মধুরমূরলীস্বরে, মুগ্ধ করি চরাচরে, কুঞ্জে নৃত্যকারি অভিরাম।। জয় শ্রীচৈতন্য-চন্দ্র, কলির কলুষ লান্দ্র, তিমিয়বিনা, শি পুর্ণশনী। সঙ্গে প্রস্থানন্দ্র, সাহৈত স্বভক্তরুদ্দ, শ্রিতসুধা বক্তেতে প্রকাশি।।

জয় বুপরুষাতন, সদা স্করণ মন, রুষ্ণভক্তিতত্ত্বদীপ দানে। অপার সংসার ঘন, তিমির করি হরণ, প্রেমে, মজাইলা জগ-জনে।। জীজীবগোসামিজয়; অশেষ্ট্রিদ্যালালয়, তব পদত্ত্বর বঁরি মাতে। এই ইচ্ছা অবিরাম, প্রভু পূর্ণ কর কাম, নিজ রূপাকটাক্ষ লবেতে।।

পারণর। জয় জয় জ্রীচৈতন্য নিত্যানন্দ জয়। জয় জ্রীঅত্তৈ-তাচার্য্য সহ ভক্তর।। জর জর ব্জনাথ জয় হৃদাবন। জয় बांगविलांगिनी रेशांशिनीत शर्म गकल देवस्थव शरम स्मात নিবেদন। তোমা সঁবে কর মোরে এবে ক্রপেক্ষণ।। আমি "অতি অগতি অকৃতি অভাজন। ভজন সাধনহীন দীন অকি-ঞ্চন।। বেদে বলে তোমাদের করুণী বিহনে। কৃষ্ণ নাহি মিলে জপ সমাধি সাধনে॥ অতএব ভোমা সবে অসঙ্খা প্রণাম। রূপা করি পরিপূর্ণ কর মনক্ষাম। যদ্যপি আমিহ रहे शांव ख अथम । अशहांथी यनि, आहे नाहि मम नम भा তথাপি তোমরা নিজ করুণা প্রভাবে। এদীনে এবার অঙ্গী করিতে হইবে।। হয়েছে আমার এবে এক আকিঞ্চন। কহি-তে সে কথা লাজে না ক্ষুরে বচন।। বামন যেমন চাহে কুৰাংশু ধরিতে। ভেকের আকাজকা যেন পদামধু পিতে।। কভু নয়।। এক্তিঞ্জের রাসলীলা করিতে ব্যাখ্যান। উৎস্ক हर्टि विके नरह समोधान II किथा क्रक्षनीला इस[्]बन्तानि তুর্গম। কোথা আমি পাষ্ড পতিত নরাধ্ম।। তথাপি বাসন্। হৃদে এবড় সাহস। যজ্ঞ হৃত করে যেন কুরুরে মান্স।। এক-মাত্র ভাষাতে ভরসা অবিকল । বড় দয়াময় ইন বৈষ্ণুর সকল।। তীদের প্রসাদে সিদ্ধ হয় সর্ব্ধ কাম। পঙ্গু লঙ্গে গৃরি মূকে বলে হরিনাম।। অতথব তোমা সবে লইট্র শরণ। উৎকৃষ্ঠিত চিত্ত কিছু করিতে বর্ণন্।। স্বামী এলোক্সামি পাদ ব্যাখ্যা অনুসারে। ভাষায় বর্ণিতে রাস বাঞ্চা বছ ধরে।। যদি তোমা সবার রূপাতে পুর্ণ হয়। তবৈ যশ ঘূরিবে জগতে সমূনমু।।

নাহি মোর বিদ্যালব নাহি ক্বিশক্তি। এলাগি ক্ষমিবে মোর সদসং উক্তি।। ভাগবড়ে কহে ক্ষক্ত গুণান্ত্বর্গনে। শুদ্ধাশুদ্ধ বিচার না করে সাধুদ্ধনে।। ২ংস যেন নীর ভাজি ক্ষীর, কুরে পান। হেন মোরপ্রতি সবে হও কুপাবান।। তোমাদের কুপা মোরে যেমন থাকিবে। তেমতি কহিব ইথে দোষ না কইবে।।

অথাবতরণিকা'।

তত্র,শ্রেশকঃ শ্রীধরস্বামিপাদানাং ৷

ব্রক্ষাদিজয়সংরাচদর্শকন্দর্পদর্শহা। জন্মতি শ্রীপতির্গোপীরাসমগুলম্ভিতঃ॥

যথারাগ! ব্রহ্মাদিক দেবগুণ, চরাচর ব্রিভুবন, চেতনহরয়ে যাঁর শরেণ যে মদন অনিবার, করে মনে অহস্কার,তার
গর্ম পর্মতে যে হরে॥ হেন ক্লফ গুণগণ, মন্মথের মথে মন,
ভূবন ভূবণ অবতারী। সৌন্দর্য্য মাধুর্য্য আদি, অশেষ বিলাস
নিধি, স্বপর্যান্ত বিশাপনকারী। প্রকট প্রির্ফাবনে, লয়ে
প্রিয় গোপীগণে, নিত্য রাস বিলাসে মগন। সেঁ লীলা পীযুব
লব, আস্থাদিয়ে ভক্তসব, ব্রিজগত করেন সিঞ্চন।। তাহে
বদরিকারাসী, দ্বৈপায়ন মহাঝায়, ক্লফ উপাসনা তপ করি।
সেই তপুস্যার ফল, রপ্টা পুত্র সমুজ্জন, ক্লফ প্রেমময় মূর্ত্তি
ধরি॥ ভাগবত তক্তব্রে, বসি কলপদ স্বরে, ক্লফ লীলাম্ভ
করে গান। একে শুক্রমুখ্যনি, তাহে প্রেমময় বাণী, শুনি
গল্পে অয়সপাষাণ।। মহারাজ পরীক্ষিতে,অতি হর্ষময় চিতে,
কহিছেন প্রীমাবিলাস। ফাহার প্রাক্ষিতে, অতি হর্ষময় চিতে,
কলিছেন প্রীমাবিলাস। ফাহার প্রাক্ষিতে, অতি হর্ষময় চিতে,
কলি, অন্তলালে ব্রজে হয় বাস্।।

অথ গৃহার্ডঃ।

--

প্রবাদরায়ণিরুবাচ।

ভগবানপ্লি তা রাত্রীঃ শারদোৎ ফুল্লনল্লিকাঃ। বীক্ষ্য রন্তং মনশ্চকে যোগমায়ামুপাঞ্জিতঃ॥ ১ ॥

ৰভৈশ্ব্য পরিপূর্ণ স্বয়ং ভগবান। সর্বৈশ্বব্যাময় সর্ব মাধুর্য্য ঁনিধান।। পুর্ণানক্ষয় তত্ম পরম উজ্জ্বল। অসম অধিক গুণ कां खि स्निम्मेन।। याँत क्रि खनगरन विकृत कामा। आचा-রামগণের সমাধি ভঙ্গ হয়।। হেন ভগবান্ সেই রাত্রিগণ হেরি। গোপী প্রেমামৃত ভোগ বাঞ্জিলা জীহরি।। কি কহিব গোপিকার প্রেমের মহিমা। নিজে ভগবান্ যার দিতে নারে সীমা।। অতএব সে ববার প্রেমে মগ্ন হয়ে। বিহরিতে ইচ্ছা क्तिरलन अस्तरंश।। काममशी रमष्टे हैक्छा ना इत जाहात। কিন্তু হয় হলাদিনী সম্বিৎ শক্তিসার।। ক্লঞ্চের যেমন তাহা co मिन (शांभीत । नरक् किन क्रस्थ मना कतरस अस्ति।। একেত শরদ কাল তাহাতে রজনী। উৎফুল মলিকা আদি যাহে পুষ্প শ্রেণী।। শরদে মলিকা কভু না হয় পুষ্পিত। অপুর্কা যামিনী তাহা সে হেতু বিদিত।। যেন তথা সলিকার অপুর্কতা হয়। সেইমত বহুপুষ্প সে কালে উদয়।। বুকি রুক্ত বিহার করিবা রুন্দাবনে। এই লাগি তরু লতা প্রকাশে আপনে।। বিশেষিয়ে সে সব সৌন্দর্য্য হেরি হরি। স্ব স্বরূপ-শক্তি যোগমায়া অঙ্গীকরি॥ অথবা গোপীর সহ সংযোগ বিষয়ে। দয়াময় অতিশয় দয়া প্রকাশিয়ে।। নিজাবতারেব यार् प्रथा अत्याजन। एन नीना केंद्रिए कृदिना कुरु मन।। किया (यात्रमात्रा भारक मूत्रलीरत मानि। मः (यात्रार्थः भक् যাহে প্রকাশে আপনি।। তাহাঁকে আগ্রয় করি মদনমোহন। রিরংসাতে প্রবেশ করিলা রন্দাবন।। এইত তোষণী স্বামি-

সন্মত ব্যাখ্যান। মতান্তরাভান কহি কর অবধান।। যদ্যপি
প্রীভগৰান্ সর্কেশ্বর্যাঞ্জয়। অসংখ্য লক্ষ্মীরগণ ভাঁহারে
সেবয়।। তথাপিই প্রক্ষীয়া রস আস্থাদিতে। ক্ষেত্র বিহার
ইচ্ছা উপজিল চিতে।। দেখি গোপী প্রতি প্রতিশ্রুত নিশিগণ। অধিক রিরংসা ভাঁর ইইল ঘটন।। একি পরকীয়া রস
কি মাধুর্যায়য়। যার গুণে ক্ষেত্র রিরংসা উপজয়।। অতএব
অবিচিন্তা যোগমায়া লয়ে। নিকুঞ্জে প্রবেশে হরি প্রফুল
স্বদয়ে।।

তথাহি শ্রোকঃ।

उत्निष्ठं कक्छः करेत्रम्थः, প্রাচ্যাবলিক্ষরকণেন সন্তমেঃ। সচর্ষণীনামুদগাচ্ছ চোমূজন্, প্রিয়ঃপ্রিরায়াইব দীর্ঘদশনঃ।। ২।।

ক্ষেত্র রিরংসা যবে হইল স্বমনে। তথনি উঠিল শশী গগণ ভবনে।। তারাগণে আরত হইরে উডুরাজ। অথগুমগুল রপে হইল বিরাজ।। শ্রুরদ পুর্ণিমা মাত্রতাহে হেডু নর। কৃষ্ণ ইট্রাক্রমে শশী নিত্যপূর্ণহয়। প্রাক্ত শশাস্থোদয় নাহি রন্দাবনে। এলাগি, সতত পূর্ণ হয় সেই স্থানে।। ক্ষণ্ণ যেন গোপাজনা সমূহ সহিতে। শোভিবেন রাসস্থানে ইহা ভাবি চিতে।। তাঁহার উৎকণ্ঠা প্রতি উদ্দীপন হয়ে। উঠিলেন চন্দ্র হেন মনে বিবেচিয়ে।। অতি স্কল্যাণতম নিজ করে করি। প্রাচীদিগ্রপু মুথ অক্তপ্তিম করি।। স্কৃত্তিরপ্রাদি পতি আসি যেন ঘরে। কৃষ্ণু মাক্ত হস্তে প্রিয়ামুখ লিপ্ত করে।। শর্নেক জাতজনতার তাপা নাশি। হেনুমতে উদয় করিল স্থারাশি।। কৃষ্ণ বান গোপিকার পুর্বরাগ ছংখ বিনাশি শ্রীহন্তেতে মাক্রিবা। গোপিমুখ।। চিরদিন পরে তারা পাইয়ে নাগরে। স্কৃত্বিতা হইবা তেন আপম অভরে।। এইত গোস্বামী স্থামী সামত ব্যাখ্যান। মৃতাভার কহি পুনঃ কর অবধান।। যথন ক্ষেত্র

মনে রিরংসা জন্মিল। তথনি অথপ্ত শশী উদয় হইল।। ইহার তাৎপর্যা শুন হয়ে সাবধান। নিত্য লক্ষীযুক্ত হন জ্রীলভগ্ননি । তথাপিহ গোপিকার প্রেমের্ম্ম হয়ে। জ্রীরাস বিলাস বাঞ্ছা করিল হৃদয়ে॥ পাছে পরকীয়ারস অবিশুদ্ধ বলি। গোপীগণে উপেক্ষা করেন বনমালী।। ইহা ভাবি যকুকুলপতি নিশাপতি। দেখাইতে আপনকুলের চিররীতি। যদিও অসংখ্য তারাপতি শশধর। তথাপিহ পরকীয়া রসেময়তর।। প্রাচীদিগ বধূ হয় ইন্দের মহিনী। তাহাতে আসক্তি নিজ দেখাইতি শশী।। চির প্রবাসিরপ্রায় উৎক্তিত চিতে। অয়ণ করেতি মুখ লাগিল মার্জিতে।। আপন উদয় রাগেরঞ্জিল তাহারে। অভিপ্রায় কৃষ্ণ যেন এলীলা আচরে। অদভুত পরকীয়া রসের মাধুরি। সেবিয়ে সম্ভোষ যেন হয়েন, জ্রীহরি।।

দৃষ্ট্য কুমুদ্বন্তম খণ্ডম গুলং, রমাননাতং নবকুজু মারুণং! বনঞ্চ তৎকোমলগোভিরঞ্জিতং, জগোকলং বামদৃশ্যুৎ মনোহরং॥ ৩॥

প্রার। যাহার উদয়ে হয় কুমুদ উল্লাস। অথপ্তমপ্তল
শনী সে হৈল প্রকাশ। নবীন উদ্ধারাণে অরুণবরণ। যাহাতে উৎপ্রেক্ষা করে রুমার বদন। পর্নিকা রমা হন
রাধিকা সুন্দরী। কুষ্ণের হইল রাধা স্মৃতি যাহা হেরি।।
যার লাগি শিথে কুষ্ণ বেণুর সংগীত। হেন রাধান্তথচন্দ্রে
করে উৎপ্রেক্ষিত।। যে মুখ প্রকাশে পৃথিবীর মোদ হয়।
অথপ্তাবয়ব যাতে শোভে অতিশয়।। সতত অরুণ তাহা কুছুমের রাগে। যাহাতে কুষ্ণের মনে ক্রন্মথ জাগে।। এরপ
চক্ষের শোভা অতি সুললিত। বিশেষ যাহার কর মৃত্র প্রকাশিতা। যাহাতে রঞ্জন করে স্কুল কানন। হেরি তাহা রুষ্ণ
প্রেম হইল উদ্দীপন।। যে লাগিরোম্মুরলী শিথিলা ভগবান।
ভাহার সাফলা হেতু কৈলা কুলগান।। অব্যক্ত মধুর সেই
মুরলীর রব। যাহে চরাচর প্রানী মুগ্ধ হয় সব।। বিশেষে
যে গোপী স্কুষ্ণে বক্ত নেত্রে হেরে। অলক্ষে সে রব তার মন

চুরী করে।। দ্বি অংশে বিভক্ত সেই মুরলীর গীত। অব্যক্ততা মধুরতা ৰূপে সুবিদিত।। মুরল্বীর মধুরতা মানস হরিতে। व्यवाक्त वा च नाम कृष्ठि ज्याहित्।। व्यथह व्यत्नात त्यन ना इस ल्यांच्या (इन त्रेमशीस त्रव कतिला नांभता। त्य तिश्व রবে গোপীরুন্দ মন হরে। সামান্য সে রব নহে শুন অত-পরে।। বাম নেত্র শব্দেছে চতুর্থ স্বর মানি। তীর সহ সাত্রস্বার কল এই প্রনি।। ইথে কাম বীজ সেই তাহা গান করি। অনায়াদে গোপীমন করিলেন চুরি॥ অনক বর্জন হয় সেইত সংগীত। নঁজুবা গোপীর কেন হরিবেক চিত।। এইত প্রথম অর্থ হৈল সমাপুন। মতান্তর কহি এবে করহ প্রবণ।। বেদেতে কুৎশিত কহে পরকীয়া রসে। তথাপি তাহাতে মোদ সুধাংশু প্রকাশে 🛭 অথগুমগুল হয়ে করিল উদয়। পুলকেতে ক্ষীত যেন রসিকেতে হয়।। আপন উদয় রাগে অরুণিম হয়ে। পরকীয়া শ্রেম রসে রাগ প্রকাশিয়ে।। নিজ কুল নায়কের হেরি এ চরিত। ক্লেজর রাধিকাক্ষর্ত্তি ইইল্ ভুরিত।। বিশে-যতঃ চন্দ্র রাধা মুখের সমান। হেরিয়ে মুরলী গীত কৈলা ভগবান্।।

一

অথ শ্রীকৃষ্ণের বেণুগীতে বুজুগোপাগণের বৃন্দাবনে অভিসার ii-

নিশ্ম্য গীতং তদনক্ষবদ্ধনং, ব্ৰজস্তিয়ই কৃষ্ণগৃহীত মা-নসাঃ। আজগাুরন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ, স্যতকান্তোজন-, নুলোংলকুণ্ডলাঃ॥ ৪ ॥ ,

যথারাগ।। ক্লেণ্ডর মুরাল ধ্রান, মনমথ বিবর্দ্ধিনি, আসি শোপ নিত্যিনী কুলে। প্রবৈশি ভাবণ পথে, গোপিকার হৃদয়েতে, কামান্ত্র সিঞ্চে প্রেমজলে।। তাহে হয়ে পল্লবিত, সর্ক্ষের উল্লাসিত, অসমিত কিত গেল চুরি। ক্ষের মোহন বেরু, অবশ করিল তন্তু, নয়নে,না ধর্র প্রেমবারি।। পুলকে ভরিল অঙ্গ, উথলে প্রেমতরঙ্গ, ক্ষণ্ড জঙ্গ সঙ্গ অভিলাষে। ক্ষণ্ডহগ্রস্থানা, যত নব ব্রজাঙ্গনা, সকলে আইল ক্ষণ্ড পাশে।। শুকদেব মহামতি, ক্ষণ্ড পাশ্বে নিজ স্থিতি, নিত্য ইহা ক্র্তির কারণে। আইলেন গোপীগণ, যথা প্রিগোপীনরমণ, কহে অভিমন্ত্রর নন্দনে।। ক্ষ্যু গানাক্ষ্যমন, যাবতীয় গোপীগণ, বিলম্বন সহিতে না পারে। পরিম্পার অলক্ষিতে, চলে ক্ষণ্ড নিরীক্ষিতে, কুণ্ডল ছুলিছে গতিভরে।।

ছহত্ত্যোহভিষযুঃ কাশ্চিদোহং হিন্তা সমুংস্কাঃ। পয়োহধিশ্রিতা সংযাবমন্ত্র্বাস্যা পরাযযুঃ॥ ৫॥

কোন গোপী ছিল সায়ন্তন গোদোহনে। তথনি মুরলীধ্বনি শুনিল প্রবণে।। অবশ্ ইল অক ধৈর্য্য নাহি ধরে।
অমনি দোহনস্থালী কেলে ভূমিপরে।। ক্লফ্ড দরশন আশে
সমুৎসুক হয়ে। বেণু অনুসারে ধনী চলিল ধাইয়ে।। কোনহ
গোপী ছিল ছুক্ক আবর্ত্তনে। হেনকালে বেণু নাদ পশিল
প্রবণে।। আবর্ত্তন স্থালী রাখি চুলীর উপরে। নামাইতে
ব্যাজ নাহি সহে সবাকারে।। হৃতিত্ত হয়ে তারা চলিল
ভুরিতে। যথা ক্লফ্ডনাম ধরি ডাকে বাঁশরিতে।। সেইম্ড কেহ
কেহ সংঘাবরন্ধন। উপেক্ষিয়ে ব্যস্ত হুয়ে করয়ে গমন।।
একপে অনেকে সায়ন্তন কৃত্য ছাড়ি। কৃষ্ণ অভিমুখে যায়
আভীর সুন্দরী।।

পরিবেশয়ন্তান্ত দ্বিত্বা পায়ধন্তাঃ শিশূন্ পয়ঃ। শুশ্রমন্তাঃ পতীন্ কাশ্চিদশান্তাহিপাক্ত ভোজনং॥ ৬॥

কোন কোন গোপী নিন্দ ভূঠা বন্ধুগঁণে। আছিল অলাদি ভক্তা সুপরিবেশনে। তথনি ম্রলীধানি প্রবণে শুনিল। ধৈর্যা নাহি ধরে ধরে অধরা হইল।। অমনি ত্যাজিয়ে তাহা বে' জনুসারে। বন অভিমুখে ধার ক্লম্পে দেখিবারে।। কোনং গোপী নিজ ভগ্নাদি নন্দ্রে। স্বেহে করাইতে ছিল ছ্পাদিক পানে।। অমনি বেণুর র্বে হইরে মোহিত। ক্লম্ভ অভিমুপ্পে চলে তাজিরে সম্পিত।। কোন গোপী নিজ ধর্ম পতিশুশ্রমীণ। তাজিয়ে চলিল ক্লে করিতে দর্শন। কোন কোন গোপী দেহাপেকা নাহি করে। বেণু শুনি ভক্ষ্যপের অমনি বিশ্বরে।। সমাধান না হইতে ভোজনাদি ক্রিয়া। উচ্ছিফ্ট অধরে যার কাননে ধাইয়া।। ইথে জানি ক্ষপ্রেশ্বন অলোকিক হয়। তাহে শুদ্ধাশুদ্ধ কিছু বিচার না সয়া।

লিম্পরাঃ প্রমূজতন্ত্যাইনা। অঞ্চন্ত্যঃ কাশ্চ লোচনে। ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ কাশ্চিৎ কৃষ্ণান্তিকং যযুঃ॥ ৭॥

কোন গোপী 'এক্স দর্শন উৎকণ্ঠার। তাঁহার সন্তোষ বোগ্য ক্রিয়া তাজি যায়।। যাহা , অনুষ্ঠানে হয় এক্তিক্র প্রীতি। হেন কর্ম ত্যজিয়া চলিল গোপী ততি।। করিতে আছিল তারা নিজ্ল অঙ্গরাগ। চন্দনাদি লিগু যাতে ক্ষেত্র সোহাগ্য। তাহা সমাধান না করিয়ে এজবালা। কৃষ্ণ দরশনে ধার হইয়ে উতলা।। এইমত কেহ কেহ নিজাক্ত মার্জন। উপেক্ষিয়ে বনপথে করয়ে ধাবন।। কোন কোন গোপী নিজ নয়ন্যুগলে। অঞ্জন রচনা করেছিল কুতৃংলে।। নেত্রে এ জ ন হইতে সুঘটন। ক্ষেত্র মুরলী গীত করিল প্রবর্ণ।। অমনি অৰশ তন্তু হইল সবার। চলিল ক্লুঞ্রে পাশে না হয় নিবার।। এ অতি সামান্য কোন কোন গৈাপীগণ। আপনার দৈহ আদি হৈল বিশারণ।। পরিধেয় বস্ত্র কেহ উত্তরীয় করে। কর্ণের কুণ্ডল কেহ নাসিকায় পরে।। কেহখা কেয়ুর পরে আপুন চরণে ৷ হুপুরে সাজায় ভুজ কেই স-যতনে। এই ৰপু ব্যাতিকানে বস্ত্র জাভরণ। পরিয়া চলিল তারা যথায় রমণ।। পথে চলে যাবতীয় ব্রজকুল নারী। পরস্পর কেহ কারে না কহে ফুকারি।। বল্লভদর্শন কালে ভূষা ব্যতিক্রম। রসশাস্ত্রে কহে তার আখ্যান বিভ্রম।।

তাৰাৰ্য্যমাণাঃ পতিভিঃ পিতৃভিভ্ৰ ভিবন্ধুভিঃ। গোবিন্দাপস্থতাত্মান্যোন্দাবর্ত্তন্ত মোহিতাঃ॥ ৮॥

শূই বাপে লজ্জাভয় লোক ধর্ম ছাটি। ক্লফ দরশনে যায়
যত কুলনারী ।। তা সবার পতি পিতা ভ্রাতা বন্ধুরণ। নিরথিয়ে সকলের সেই আচরণ।। বলে নিশি যোগে তোরা
যাইবি কোথায়। নানা অনুবন্ধে করে বারণ উপায়।। বেণ্
রবে মোহিত সেঁ ব্রজরামাগণ। কোনমতে কাহারো না মানে
নিবারণ।। ক্লফ হাউচিত্তে তারা তাঁর অনুরাগে। চলিল
সকলে মিলি প্রাণনাথ আগে।। ক্লফ ভক্তি প্রভাব কি বর্ণিবারে জানি। যাহাতে অশেষ বিদ্ধ নাশয়ে আপনি।। এ কারণে তাহাদের পতি আদিজন। নিবারিতে না করিল অধিক
যতন।। ক্লফ ইচ্ছা প্রভাবেতে যোগমায়া বলে। বিদ্ধাহতে
বিনির্তা হইল সকলে।।

অথ সাধনসিদ্ধা গোপীদিগের সিদ্ধতা প্রাপ্তি।

স্তৰ্গ হগতাঃ কান্চিদেয়াপ্যোৎলক্ক বিনিৰ্গশাঃ। কৃষণ ভদ্তাবনাযুক্তা দধ্যমীলিতলোচনাঃ॥ ৯॥

সে বিশ্বেতে ভারা যদি বাধিত হইত। তবেত দশমীদশা সকলে পাইত।। এহেতু সাধনে ভাবমাত্র সিদ্ধ যারা। সে বিশ্বেতে অভিভব পেয়েছিল তারা।। সিদ্ধ দেহ বিনা কৃষ্ণ প্রাপ্তি নাহি হয়। ইহা জানাইতে শুক বিশেবিয়া কয়।। কোনো কোনো গোপিকার পতি আদি গণ। গৃহ অবরোধ করি করিল বারণ।। তাহে বিনির্গম পথ তারা না পাইয়ে। সুদীর্ঘ ভাবনা প্রাপ্ত হ'ইল ক্ষয়ে।। তিত্ব আকর্ষক ক্ষেণ্ড উৎক্তিত চিতে। গোনেতে ধরিল হদে তঃথ নিবারিতে।। তদাবেশে নিমীলিত হুইল নয়ন। বিগত হইল অন্য মুব আলোচন।।

ছংসহপ্রেষ্ঠবিরহতীব্রতাপধুতাশুতাঃ। ধ্যানপ্রাপ্তাচান্তোধনির্ব্বৃত্তা ক্ষীণমঙ্গলাঃ। তমেব পরমান্তানং জারবুর্রাপি সংগতাঃ।। জল্পুর্তাময়ং দেহং সদাঃ প্রক্রীণবন্ধনাঃ॥ ১০॥

গোপীগণ অবিসহ বিরহ সন্তাপে। গৌত হইলেন সব অশুভ কলাপে।। ধানে প্রাপ্ত এক্লিফের সংযোগ আনন্দ। তাঁহে বিনাশিল তায়বার পুণ্যবন্ধ।। উপপতি ভাবে ভাবি-য়াও জনার্দ্দনে। সদাই হইল তারা বিশ্লথ্ব বন্ধনে ।। এহেতুক গুণময় তত্ন ত্যাপ করি। দেকালে তাহারা প্রাপ্ত হইল মুরারি।। স্বামি কহে হেন কৃষ্ণ ধ্যানের প্রভাবে। মায়াগুণ-गर (पर ८०८ किल गर्व।। यमि कर बन्ता जाव नारि शांशि-কার। তবে গুণময় দেহ যাবে কি প্রকার।। তাহাতে করেন তিনি এই সমাধান। যদিও গোপীর নাহি ছিল ব্রহ্মজ্ঞান।। তথাপিহ ক্রফারান মহিমার বলে 🕨 গুণময় দেহ ত্যাগ করিল मकरल । वञ्चभक्ति नाहि करंत वृद्धि अरशक्ति। अरवारधत रुख দাহে যেমনু দহন ।। যদি বল হৌক্ তাহা প্রারক্ষ থাকিতে। গুণময় (कह নাহি পারে বিনাশিতে ।। ইহাতে কহেন পুনঃ করিয়ে প্রকাশ। সদ্য হয়েছিল গোপিকার কর্মনাশ।। প্রক্রীণ বন্ধনা শব্দে কঁহিছেন তাই। তবে কেন এ বিতর্ক করিতেছ ভাই।। বাদী বলে হৌক্ তথাপিহ ভোগবিনে। প্রারক্ক কর্মের নাশ হইল কেমনে।। তাহাতে কহেন প্রেষ্ঠ বিরহ সন্তাপে। হরেছিল গোপিকার স্বপ্রারন্ধ প্রাপে॥ ধ্যানলব্ধ জীক্নফের স্মালের সুধ। গোপিকার পুণা নাশ কহিছেন শুক। এইত সামির মত হৈল সমাধান। গোসামির ঝাখ্যা কহি কর অব-ধান।। ক্লঞ্চের বিচ্ছেদ অতি তীত্র তাপময়। তাহাতে খণ্ডিল যত অণ্ডেভ নিচয়।। ধ্যানে প্রাপ্ত অচ্যুতের আল্লেষ আনন্দ। তাহে नके देश पूर्व र्ভींग भेशवर्त्र ॥ অশুভ শব্দেতে क्रुस्थ সঙ্গ প্রাপ্তি কালে। বিরহ অবস্থাক্তর্তি সাঁধুজনে বলে।। শুভ

শব্দে সে সময়ে প্রাপাক্ষৃত্তি কয়। যাহাতে ভক্তের হয় আনন্দ উদয়।। যে উভয় ভৌগপরে প্রোচ় ভক্তগণ। নিতা ক্লঞ সংযোগের হয়েন ভাজন।। গোপীদের বিচ্ছেদ আশ্লেষ সমু-ল্লান্দে। এককালে ভোগ হরে গের্ল জনায়ালে।। নতুবা প্রারক্ষ ভোগ নাহি তাসবার। বৈষ্ণবের জন্মে নাহি প্রারক্ষ श्रीकात ॥ गर्स जश्मी शतमात्रा रायन की रति । जनाति वास्तव পতি এক্সি স্বারি।। তাহে জার বুদ্ধি করিয়াও গোপীগণ। পূর্ব্ব ভর্তা ভোগা দেই করিলা মোচন।। সর্ব্ব গুণ পরিপূর্ণ ছিল षिरे (पर। क्रख ভোগ্য नर्द्श्विण छाउँ रहन रत्रहा। छर्द তারা গ্রেতেই থাকি সে নিশিতে। ক্ষকে পাইল ইহা লেখে তোষণীতে।। তাদের বন্ধুর ছংখ করিতে ধারণ। যোগ-मांश देवना ठाळ प्तर मश्तापन।। यहा वृत्ति वार्रशास्त्रत त्य কহে গোস্বামী। তাহা বিবরিয়া পুনঃ লিখিতেছি আমি।। . কৃষ্ণ গোপীগণে দেখি বিরুহে তাপিত। কুপা কণ্নি বিনাশিল েস দুঃথ ভুরিত।। অশুভ শ্লৈতে হেথা তাহাকেই কহে। নতুবা প্রারক্ত ছংখ গোপিকার নহে।। অভএব যারা নাশে জগতে অশুর্ভ। এলাগি গোপীর নাম কৈলাগুতাশুরুল। ক্লং-ভক্পবিত্র করেন্তিছুবন। হেন ন্যায় এন্থানেতে হইল ষ্টন।। ধ্যানে লক রুঞ্চাল্লেষে আনন্দ অপার। অক্ষীণ মঙ্গলা নাম এহেতু সবার।। যাহে জগতের হয় মঙ্গল ঘটন। পুকাবৎ न्यांत्र (दथा कति दव ऋत्व।। ७० मत्म वित्र हारवर्टत करह মুনি। তেজিলা তমায় তত্ব তাহারা তথনি।। তবে ক্লাণ্ড সেই গৃহমাবে প্রবেশিয়ে। তাদের কামনাপুর্ণ করিলেন গিয়ে॥

অ্থ সাধন সিদ্ধাগণের সিদ্ধতা প্রাপ্তি বিষ-য়ের সন্দেহ ভঞ্জনার্থ পরীক্ষিতের জিজ্ঞাস। ।

জ্ঞীপরীক্ষিত্রবাচ। কৃষ্ণং বিদুঃ গরং কান্তং নভু ব্রহ্মতয়া মুনে। স্বণপ্রবাহেশাসন্মন্তাসাং গুণধিয়াং কথং।। ১১।।

क्रस्थ धारन গোপিকার গুণদেহ চ্যুতি। সন্দেহ করিয়া শুকে জিজ্ঞাসে ,ভূপতি।। সে সন্দেহ তাহার নিজের নাহি হয়। অন্যের সন্দেহ দাশ হেতু জিজ্ঞাসয়।। মুনিবর আপানি যে কহিলে দিদ্ধান্ত। ইহাতে সংশয় মোর রহিল একীন্ত।। ক্লেও ব্রহ্ম বৃদ্ধি নাহি ছিল গোপিকার। পরকান্ত বলি ভাব-माञ त्र नतात।। शत भरम खार्छ किर कार कंमनीय। গোপীর বুদ্ধিতে ভাল তথা শোভনীয়।। অমন সগুণ মুর্ত্তি করিয়ে ভাবনা। গুণের প্রবাহ হানি একোন ঘটনা।। এক-বুদ্ধি ভিন্ন যদি গুণ ধ্যান করি। গুণের প্রবাহ নাশ হওয়। মান্য করি।। তবে কেন সামান্য পতাদি ভাবনায়। সকলের মোক্ষ প্রান্তি দেখা নাহি যায়।। বস্তুত তাবৎ বিশ্ব হয় এক্ষ-ময়। কেবল তাহাতে নাহি সে বুদ্ধি উদয়।। ত্রহ্ম বুদ্ধি ভিন্ন কভু মুক্তি হৈতে নারে। অতএব একি কথা কহ বারে বারে।। . এইত স্বামির ব্যাখ্যা ইইল পুর্ণা গোস্বামির সূত কহি শুন দিয়া মন।। সর্কুতোভাবেতে ঈক্ষা আছয়ে যাহার। পরী-ক্ষিত নাম যোগা হয় সে তাহার।। এহেতুক পুরীক্ষিত শব্দ উক্তি করি। সর্বভাব-অভিজ্ঞতা জানান তাহারি॥ যদিচ তাহার ছিল সে বিদ্ধান্ত জ্ঞান। তথাপিহ শুকে পুন আপনি সুধান।। অভিপ্রায় সৈ সভাতে ছিল বহুজন। . অনুমুখ বহি-म्र्य है छा निकर्णा। तम नवात शाष्ट्र इस मत्मह छेनस। অতএব মহারাজ শুকে জিজ্ঞাসয়।। তার মধ্যে অন্তমুখ উপ-লক্ষ করি। বিশেষপর্থে জিজ্ঞানেন মোহ পরিহার।। বহিমুখ •উপলক্ষে ব্রহ্মজ্ঞান প্র*হ্মি। নানে*দহ সম্ভব করি জিজ্ঞানে ভূপতি । তার মধ্যে অন্তর্মুথ রীতে এই অর্থ। শুনহ সকলে योटर रूटव हति वर्ष ॥ नर्क्खन मटनारत नर्का कर्षा मार्ग क्रू হন এই মাত্র গোপিকা ক্লাশ্র।। নতুবা নির্গুণময় কৃষ্ণ আবি-র্ভাব। এক বলি নাহি ছিল গোপিকার ভাব।। একপরিনিষ্ঠতা याहांत खरन তেজে। হেন গুন বুদ্ধি করি গোপী ক্লেড ভজে।। এহেতৃ তাদৃশগুণ গোপিকার হয়, ভলনীয়ু গুণ ভক্তে

य्यटरजू छेमत्र।। यमि जामिर्गत रमर नरह निक्षज्य। अररजू হইতে পারে তার উপরম।। কিন্তু রুষ্ণ শক্তিময় তাসবার গ্ৰ। কেমনে হইতে পারে তাহাতে বিওৰ।। ব্ৰহ্ম উপাসকে কৃষ্ণ ভিণ নাহি ক্লুরে। যেহেতু তাহার। গুণ ধ্যান নাহি করে।। তবে যে সেসকলের গুণ দৃষ্ট হয়। তাহারে প্রাক্তত সত্ত্বমর শাস্ত্রে কর।। হইলে হইতে পারে সে গুণের নাশ্। क्जू नाहि रव अन्न छटनत विनाम।। धरे असम् थरक देशन সমাপন। বহিমুখ পক্ষ কহি করহ শ্রবণু। এক হন জগত ব্যাপক জ্ঞানময়। গোপীদের নাহি ছিল তেমন আশয়।। ক্ষের প্রতিক্রা এই আছে দুচরপ। যে যেমন্ত্রিজ তারে ভজে সেই ৰূপ।। তবে কেন সে প্রতিক্তা উল্লিজ্ঞান করি। গোপী প্রতি রূপা কৈলা গৃহের ভিতরি ॥ এদা বলি গোপী তারে না করে ভাবনা। তবে কিরূপেতে হৈল এমন ঘটনা। বিরহ অভাব ময় তার গুণ হয়। বল কিৰূপেতে ভবে হইল विनम्र।। গোপী জানে সৌন্দর্যাদি গুণবান করি। ব ভু এক বুদ্ধি নাহি করে গোপনারী।।

অথ তদিষয়ে শুকদেবের উত্তর।

শ্রীশুকউবার্চা। উক্তং পুরস্তাদেততে চৈদ্যঃ সিদ্ধিং যথা-গতৃঃ।
দ্বিদ্মপি স্বীকেশং কিমৃতাধোক্ষপ্রপ্রায়।। ১২ ।।

শুক্দেব পরীক্ষিতে কহেন সিদ্ধান্ত। কয়েছি এই কথা পুর্বে তোমারে একান্ত।। ক্ষ প্রতি দ্বেষ্ করিয়াও চির-কাল। যেরপেতে সিদ্ধ হয়েছিল শিশুপাল।। গোপীগণ হয় তাহে আক্রম্ভ প্রেয়সী। তাদের সিদ্ধিকে কি সন্দেহ রাজ ঝাব।। কৃষ্ণ হন অনারত ব্রহ্ম পরাৎপর। অথিল ইন্দ্রিয়রতি নিয়ন্তা কৃষর।। জীবর্গণ হয় সন্। ইন্দ্রিয় অধীন। মায়া বাধা হয়ে ভবে ভ্রেম চিরদিন।। এহেতু ক্লেডতে ব্রদ্ধ জ্ঞানাপেক্ষা

নাই। যে কোন ৰূপেতে ভজিলেই মোক্ষ পাই।। মায়ারুত बचा गार इत कीवशन। छोरात अकित्न छथा ना रुत মোচন।। এদ্ধ ভাবে যদি কেই সে সবেও ভজে। বিবিপুর্ব হৈলে সেহ এসংসার তেজে ॥ তার সাক্ষী অনীশ্বর দেবতার গণে। ভজিলে অভীষ্টলভি হয় ত্রন্ম জ্ঞানে।। স্বামির সন্মত ব্যাখ্যা এইমত হয়। তোষণীর ব্যাখ্যা কহি শুন ভক্তচয়।। পরের সন্দেহ নাশহেতু নরপতি। যদ্ভিও এসব প্রশ্ন কৈলা মুনিপ্রতি।। তাহাজানিয়াও ঋবি নৃপপ্রতি কন। অনর্যাবশতঃ কিছু অবাক্ত বচন।। অতথব শুকনাম এখানে প্রকাশে। আক্ষেপ করিয়া যেন নৃপতিরে ভাবে॥ মহারাজ পুর্কে ইহা করেছি তোমার। তথাপি সন্দেহ কেন কর পুনরার।। দ্বেব করি শিশুপাল ঐকুষ্ণের প্রতি। পেয়েছিল নিত্য সিদ্ধ পার্ষদ আকৃতি।। তাহাতেও নহে সিদ্ধ-গুণলেশ হানি। প্রিরার নাশিবে,গুণ একোন কাহিনী।। সিদ্ধগুণ নাশ নহে মোর অভিপ্রায়। প্রাকৃত সদ্মৃণ নাশ জানিবে তথায়।। প্রথম ্পক্ষের এই সিদ্ধান্ত বচন। দ্বিতীয় পক্ষেতে এবে সবে দেহ মন।। যেজন যেৰূপে ক্ৰেও করয়ে ভজন। তারে সে সেকুপে ভজে সত্য এ কথন।। কিন্তু ক্লুফো আছে যেই স্বাভাবিক গুণ। তাহার কিরূপে বল হইবে বিগুণ।। ভক্তাদি আুবেশে ভাঁতে नमर्लिएन मन। जावना रन नव खन इस श्रद्धकेन ।। (पथ रेहिए) দ্বেষ ভাবে কৃষ্ণে বাখি মন। পাইল কৈবলা পদ শুনেছ কারণ।। ,মোক্ষদ বলিয়ে , ক্ষেপ্র সে না ভাবে কছু। স্মরণ প্রভাবে মোক্ষ পেয়েছিল তবু।। গোপীগণ হয় সদা রুক্তে প্রেমবতী। তাহে ব্রহ্মগুণ ক্ষুর্ত্তি নহে চমৎক্ষতি।। অতএব অধ্যেক্ত ব্যাপ্কতা গুণ। একাশিয়ে গৃহমাঝে দিলা দর-अन्।।

> নৃণাং নিঃশ্রেমার্থায় ব্যক্তির্গবতোন্প। অব্যয়সণপ্রেমেয়স্য নির্ভাশস গুলীয়ুনঃ॥ ১৩ ॥

্যদি বল দেহযোগ আছিয়ে মুাহার। অনার্ত ব্রহ্ম সেহ হবে কি প্রকার।। তবে তাহা বলি এবে ক্রহ প্রবণ। জীব প্রায় र्फरे क्रयः कथन ना इन॥ लार्कित कलागिरहजू जगवान হরি। অবতীর্ণ হন আসি ভুবনভিতরি।। অব্যয় অপ্রমেয় সে কৃষ্ণ সনাতন। নিগুণ অথচ 💜 প্রহৃত্তিকারণ।। অতএব (महीजूला नटहन केंश्वत। श्वामित वाशान शूर्न देशन अज्देशत। त्राञ्चामित गएक अद्व गएव एक मन। देवस्व कावनी याक्त करत श्रक्षेन।। अरश कि वर्षिव ভगवानित श्रेष्ठाव। विहिद्य না হয় চৈদ্যে দেওয়া আক্ষাব।। নিজ প্রেমময়ীগণে প্রসাদ করণ। ইহাও না হয় রুক্তে অন্তুত কারণ।। নিতঃ পারিষদ হয় চৈদ্য নরপতি। আগন্তুক দৈত্যভাব তাহার সম্প্রতি।। গোপী-গণ সুবিশুদ্ধ প্রেমবতী হয়। তাসবার বাঞ্জাসিদ্ধি এ আশ্চর্য্য নয়।। যেহেতুক ত্রন্দাভের মত জীবগ্ন। সকলে করিতে লীলা-আনন্দ ভাজন।। রন্দাবনে, প্রকাশ হয়েন ভগুরান্। অদূত ঐশ্বর্যা বীর্ব্য মাধুর্ব্য নিধান।। অসংখ্য ব্রহ্মাঞ্ড ঘার জবিজ্তে হয়। যাহার জাকুটি মাতে হৈতে পারে লয়।। ভূভার হরণ তাঁর নহে প্রয়োজন। জীবে অনুগ্রহ লাগি হন প্রকটন।। নৃপাবর যেন প্রজা কল্যাণ করণে । ইতস্ততঃ তেমিরা ভ্রমহ এ-ভুবনে।। সেইমত লোকহিত লাগি ভগবান্। সংশারে করেন নিজ প্রাকট্য বিধান।। ভক্তে আত্ম সমর্পণে নাহি যাঁব বায়। এ হেতু বেদেতে কহে তাঁহারে অব্যয়।। প্রমাণেতে নাহি হয় যাঁর পরিমাণ। পরিচ্ছিন্ন নাহি হন সেই জীনিধান ॥ মায়া গুণ স্পূৰ্ম নাহি তাঁহাতে আছম। নিগুণ বলিয়া সেই তাঁৱে শাস্ত্রে কয়।। কিন্তু গুণপ্রবর্ত্তক হয়েন ঈশ্বর। গুণামাশব্দেতে ভারে কহি অতঃপর।। কিসা লোকে অনুগ্রহ অভিলায কৃরি। অজ হয়ে জন্মেন ভুবন ভিতরি।। বাস্তবিক নাহি তাঁর জ-মাদি বিকার। এহেতু অব্যয় নামে খ্যাত বিশ্বাধার।। মায়া গুণ স্পর্শ নাহি আছমে তাঁহাতে। এহেতু নির্গ্রণ তাঁরে কংহ

ভাগৰতে।। কারুণ্যাদি গুণগুণে পরিপুর্ণ হরি। গুণাআ এ-হেতু তাঁরে কহে ৰিশ্বভূরি।।

> কামং ক্রোধং ভয়ং ক্লেছমৈক্যং সৌহৃদমেব চ। নিতাং হরো ক্রিটি তাষাত্তি তন্ময়তাং হি তে॥ ১৪॥

যেহেতুক রক্ষ অনায়ত ব্রহ্ম হন। অত্থব তদাসক্তি মুক্তির কারণ।। যে কোন প্রকারে হৈলে তাঁহাতে আসক্তি। অনারাসে পার জীব সংসার বিমুক্তি ।। কাম ক্রোধ ভর স্নেহ প্রকাতা ভাবন। সৌহদ্যতা রুক্ষে নিত্য কৈলে আচরণ।। অবশ্য তন্মর ভাব পার জীবগণে। এসব ভাবের পাত্র দেখহ নরনে।। কামভাবে ভাবি রুক্ষে কুবজা পাইল। ক্রোপে শিশুপাল ভাবি তন্মর ইইল।। ভয়েতে পেয়েছে কংস ঐক্যে মুনিগান ব্যাখ্যার ইয় এইত তাৎপর্যা। গোস্বামির মতে মন দেহ
আাতাবর্যা । ভাবিলেই তিনি তারে দেন আমাভাব।। স্বামির ব্যাখ্যার ইয় এইত তাৎপর্যা। গোস্বামির মতে মন দেহ
আাতাবর্যা । লোকের আভাস অর্থে কহেন ভোষণী। থাকুক
রুক্ষের সুপ্রকট লীলা বাণী।। সর্বদাই যেবা ভাবে ভাবে
যেই ভাবে। অবশ্য রুতার্থ তারা স্মরণপ্রভাবে।। ক্রাম ক্রোধ
ভয় আদি তাঁহে, আচরিয়ে। একান্ত তন্ময় ভাব ক্রুরেয়
জদয়ে।।

নটেচবং শিক্ষয়ঃ কার্যোদ্তবতা ভগবত্যজে।
বোগেশবেশবে ফুফে য়তু এতদ্বি চাতে॥ ১৫॥

কৃষ্ণের না হয় মোক্ষ দেওয়া অতিভার। যার ধ্যান মাত্রে
মুক্ত হয় এ সংসার।। তাহাতে বিশায় করা তব কার্যানার।
কুষ্ণের মহিমা তুমি জান সমুদায়।। বিশেষ্ঠা পরিপূর্ণ স্বয়ং
ভগবান। ঐচ্ছিক যাহার হয় জন্মানি বিধানা। কর্মবশ্য জন্মতার নাহি কদাচিত। যোগেশবেশ্বর কৃষ্ণ বেদান্ত বিদিত।।
ভাঁহার চিন্তায় মুক্ত হয় চরাচর। গৌশী গুণদেহ মুক্তি এ-

নহে বিস্তর ।। স্থামি ব্যাখ্যা হৈল এবে শুনহ তোষণী। মহারাজ কহিতেছ একোন কাহিনী ।। গর্ত্তার্যধি জান তুমি ক্লফের
প্রভাষ । তবে হে সন্দেহ তব এ কেমন ভাব ।। বর্গ্ধ অন্যতে
ইহা কহিতে পারয় । নুপবর তব যোগ্য ইহা কভু নয় ।।
পরিপুর্ণ অশেষ ঐশর্য্য নিকেত্বে কিদাচ বিশ্ময় কার্য্য নহে
ভগবানে ।। যদি কহ তবে কেন জন্ম তাঁর হেরি । জীবতুলা
নহে তাহা দেখহ বিচারি ।। ভক্ত ঘৎসলতা গুণ পরবশহেতু ।
স্বেচ্ছাতে প্রকট হয়েছিলা ক্লপাসেতু ।। যোগেশ্বরেশর হন
সৈই উক্লেম । তাহে কৃষ্ণ অবতার পরিপুর্ণতম ।। ইথে কোন
সমন্তব্য নাহি মহারাজ । তেজহ সংশয় গব নিজাক্লিমাঝ ।।

--

অথ গোপীর্ণের প্রতি শ্রীক্তক্ষের বাক্য চাতুর্য্যের অবতর্নিকা ॥

তাদৃষ্ট্ৰান্তিকমায়াতা ভগবান্ প্ৰক্লগোষিতঃ। অবদন্ধদতাং শ্ৰেষ্ঠোবাচস্পেশৈবিনোহয়ন্ব ॥ ১৬ ॥

রাসলীলা আনন্দ কাননতুলা ভায়। ভাহে অন্তরায় কথা বিষলতাপ্রায়। তৃথাচ সংশয় তাহে করি উদ্যাটন দ্নুপৃতি করিলা প্রশ্ন বৃঝিতে কারণ।। প্রসঙ্গতঃ তদ্ভুর্তর দিয়ে মহায়নি। লীলা কথা উৎকণ্ঠায় কহেন আপুনি।। বেণুরবে আকর্ষিত ব্রজ নারীগণে। নিকটে আগতা কৃষ্ণ দেখিয়া নয়নে।। জানিলনে বেণুগীতে হইয়ে বিজ্বলা। নিশিতে অরণ্য মাঝে আইল অবলা।। গৃহের বাহিরে যারা কয়ন না যায়। হেনসবে কৃষ্ণ নিজান্তিকে দেখা পায়। লজ্জান তয়ন আদি তারা করেছে ব-র্জন। যেহেতৃ করেছে কৃষ্ণ স্মীপে গমন।। গোপীদের সেইভাব দেখিয়া শ্রীহরি। আয়য়ছ করিলা নিজে বচন চাতুরি।। বায়ী শিরোমণি হন রামিক শেখর। দ্বিভাব বাকোতেসবে

কন নটবর ।। স্থাপতি অর্থেতে যাহে উপেক্ষা বুঝায়। তা-বার্থে প্রার্থনাময়,তাহা সমুদায় ।। যে বাক্যতে হরে চিন্ত বি-বেক বিনাশে। হেন বাক্য ক্লফাকহিছেন মৃত্তাযে ।। রন্দাব্রন্দ চন্দ্র যার একান্ত শরণ। জীরাস,বিলাস কহে সে জীনারায়ণ।!

--

जथ मूरे जर्थ क्रिहंट एवं वाक् ठाजुरा।

প্রীভগবান্ত্রাচ। স্থাগতং বে সহাতাগাঃ প্রিয়ং কিং কর-বাণি বঃ। ব্রজন্যানাময়ং কচিদ্ব্রতাগমনকারণং॥ ১৭॥

প্রথমে উদায়্য পক্ষ অবলম্ব করি। সমাদরে গোপীগণে কহেন জীহরি।। অতি প্রিয়তম জনে সাদর বচন। স্বভাবতঃ ত্তদাস্ততা করে প্রকটন।। এসো২ গোপীগণ একি ভাগ্যোদয়। তোমাদের আগমন সুশোভন হয়।। মহাসাধী হও সবে গো-কুলের মাঝে। তোমা সবা সম ভাগ্যবতী কেবা ব্রজে।। তো-गोरमत िस कि कतिव जाहत्। मत्नजो जारक स्मारत कत আঞ্চাপন।। মহাভাগ্যকতীদের প্রিয় আচরণে। অবশ্য হ-ইতে পারে ধর্মের ঘটনে।। এরপ রুষ্ণের সমাদ্র বাুণী শুনি। কিছু না কহিল গোপী উদাস্ততা মানি।। তবে রুখা কহিছেন করিয়া চাতুরি। স্রস্তুমে সমাগত হেরি ব্রজ নারী।। ব্রজের মঙ্গলকথা কহ গোপ্তীগণ। বুঝি কোন উপদ্ৰব হয়েছে ঘটন।। নহে নিশিঘেরণে কেন সকলে মিলিয়ে। আসিয়াছ কাননেতে গৃহ উপেক্ষিয়ে। সাটোপে কছেব হরি কহতো আমারে। কি বিপদ হৈল আজি এজে একবারে।। আছে কিয়া অন্য আগমন প্রোজন। বিশেষিয়া কহ সবে সব বিবরণ।। এইত উপেক্ষাময় বাক্য অর্থ হয়। প্রার্থনা পক্ষের অর্থ শুন ভক্ত-ৈ চয়। কৃষ্ণ দেখি গোপীগণে নিকটে আগত। প্রেমে পুল-কিত অঞ্চ হর্ষে প্রফুল্লিত।। সাদরী কহেন সবে পিরিতি ক-রিরে। সুখেতো এসেছ তোমাসবে প্রাণিপ্রিয়ে।। মহাভাগ্য-

বতী হও তোমরা সকলে। রাসলীলা যোগ্যা যাতে তোরা बूमखटन ।। य तानविनान काटन कमना स्माती। महाडल আঁ বিলা সবসুথ ছাড়ি॥ তথাপি না পায় সেহ ক্মীরাসমগুল। সেই রাসউল্লাসিনী তে।মারা সকল।। কিম্বা ভাগশব্দে হেথা कहिएक जबना शोट्ट नक उपकर्यका कतित्व धातन । त्वाक-ধর্ম লাজভয় সবু পরিহরি। একমাত্র আমারে ভজিলে স্ব-নারী।। আমি তোমাসবে তেন নাপারি ভজিতে। যাহে তোসবার ঋণী আমি বিধিমছে।। অতথ্য সবে হও মহাভাগ অতি। তোমাদের প্রিয়কার্য্যে মম কি শকতি।। অথবা আ-মিহ হই ঋণী সবাকার। জাজ্ঞাপন কর মোরে যে ইচ্ছা যা-হার।। তোমাদের প্রিয় কিছু করি আচরণ। অধীনের ক্বত্য আজি করিব সাধন।। এরপে কহিতে কুঞ্চ আপন প্রার্থিত। সবে নিরুত্তর দেখি হইলা শক্ষিত।। বুঝি হেথা ভাগমন কালে এসবার। পতি গুরুজনে করিয়াছে তিরক্ষার।। তাহা উপে-किरा वरन रुराह जानिएं। तिरु जिन्दीत किंदू ना पिथ ভাষিতে।। এতেক ভাষিয়ে ক্লফ কন মৃত্সুরে। ব্রফের মঙ্গল সুবে কহতো আমারে।। নিশিযোগে হেথায় করিতে আগ-মন। গুরুদ্নে কিছুতে। না কৈল বিঘটন।। অথব। সে সব বিদ্ন জনাদর করি। নিশিতে কাননে আসিয়াছ সব নারী।। পথ-পরিশ্রমে ধুঝি হয়েছে বেদন। সেই অভিমানে কিছু না কহ বচন।। আহামরি আমার লাগিয়ে নিশিকালে। পথে নানা-মত ক্লেশ পেয়েছ সকলে।। আমি হই তোমাদের অনুগত জন। তবে আগমনক্লেশ শাইর্লে কি কারণ।। ইঙ্গিতে আ-শারে সবে যেখানে ডাকিতে। তথা না যাইয়া আঁমি পারি किथाकित्छ।। এত আজ्ঞावङ् युनि আছে এই জন। তবে कह कि कांत्ररा देकटल आश्रमन।। किथा, मम् मतमदन উৎक्षिठ इत्त । निर्माटक कानत्नै नत्व अत्ला त्य लांशित्त ॥ आंगात्ता । সে অভিলাষ আছমে অন্তর্রে। অতথব লজ্জা তেজি কহ তা व्यागादत् ॥

রঙ্গনোধা ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতাঃ। প্রতিযাত ব্রজং নেছ,স্কেরংক্ত্রীভিঃ স্থনধানাঃ ॥ ১৮॥

यमि तन आभारम् नाश्किविश्व । कानत्न अरम्ब अरब कतिर् आरमान ।। जूमि याद्या प्रिथिर आहेरल ब्रम्मावरन। আমরাও সেই লাগি এসেছি এখানে।। সৃহজৈই রুদ্দাবন শ্বোভা চমৎকার। হেরিতে আকাজ্জা মনে নাহি হয় কার।। তাহাতে হয়েছে পুনঃ শরদ, আগম। কাননে হয়েছে কত কু-स्म छेकाम।। तिहे नव मांडा, नितीकन 'घाडिनादा। नकतन এসেছি মোরা তেজি গৃহ বাসে।। তবে শুন বলি ওহে সুমধ্য-মাগণ। এরপে অযোগ্য তোমাসবার ভ্রমণ।। দিবস না হয় ইহা হয়হে রজনী। স্বভাবেই ঘোরৰূপা বলি যারে মানি॥ তাহে ঘোরতর প্রাণী সেবিত কান্তার । এহেতু অযোগ্য হেথা থাকা সবাকার।। অভএব নিশিযোগে কানন ভেজিয়ে। গু-হেতে গমন কর সকলে মিলিয়ে।। ওদাস্য পক্ষের এই অর্থ সুনির্বয় । প্রার্থনা পক্ষের অর্থ গুন ভক্তচয়।। কৃষ্ণ কন শুনং সুমধ্যমাগণ। এনেছ যন্তাপি সবে মিলি রন্দাবন।। তবে কিছু-কাল হেখা করিয়া বিশ্রাম। সকলেতে পরিপুর্ণ কর মনকাম। অখিল রঞ্জন, করে এইত রজনী। অঘোর স্ভাব। যাহে শোভে নিশামণি।। ভ্রমর কোকিল আদি অঘোর প্রাণীতে। সুশোভ্ত এই বন্ আছে নানামতে।। তাহে সুমধ্যমা হও ভোমরাসকলে। অভএব কিছুকাল থাকো এইস্থলে।। বন তেজি গৃহপ্রতি না ক্র গমন। এখানে কি স্থিতি করা নহে স্তুশেভিন গ

> মাতরঃ পিতরঃ পুতাভাতরঃ পতরুক বঃ। বিচিন্ন স্তিইসপশ্যঃ স্কোমাকৃত্বং বন্ধুসাধসং॥ ১৯॥

যদি বল তুমি হও পুরষকেশরী। তব ্স্মীক্ষেতে মোরা কারেও না ডরি।। এ ব্রজমগুলী হয় তোমার আঞ্চিত। তব অ ্গ্রে মোসবার ভয় কি উচিত।। তাহা, সত্য বট্টে কিন্তু এ হয়

যামিনী। তাহে সুমধ্যমা হওঁ সকল কামিনী।। অধিকম্ভ জন-খুন্য হয় এ কানন। একামাত্র আমি হেখা পুরুষরতন।। ভোমাদের মাতা পিতা ভাতা ,নবাকার। পতি পুজ আদি বন্ধু আছে যে যাহার।। তোমাদের অসময়ে বনে আগমন। হেরিয়ে সকলৈ করিতেছে অস্বেষণ।। যদি তারা এই স্থানে আগমন করি। আমার সহিত সব হেরে কুলনারী॥ অবশৃই লজ্জানীরে আমিহ পড়িব। অকীর্ত্তি অযশে আমি ভূবন ভ-রিব।। তোমর। নাকর মনে বন্ধুর সাধ্বয়। কুলকামিনীর এ -তো অযোগ্য সাহস।। অতএব সবে ফিরি যাও নিজ ঘরে। কেন মিছা দোষভাগী কর্হ আমারে।। এইতো প্রথম পক্ষ হৈল সমাপন। পক্ষান্তর ব্যাখ্যা এবে করহ প্রবণ।। ক্লম্ভ কন যদি বল তোমরা সকলে। কিৰূপে এখানে সবে থাকি নিশি-কালে।। আমাদের মাতা পিতা আদি বন্ধুগণ। গৃহে না দে-থিলে সবে অন্থেষিবে বন।। .বল দেখি যদি তারা আসে এই স্থানে। তবেতো বিপদ বঙ্ হইবে ঘটনে।। এত ধলি কন তাহে केषम श्रामित्र। किर ना मिथित गत पथान णा-পিয়ে।। মাতা পিতা পতি পুত্র আদি বন্ধুগণ। দেখিতে না পাবে করিয়াও অন্বেষণ।। যেহেতু নিবিজ হয় এইতো কা-স্তার। দিক্তপও দৃষ্টিপাত হওয়া অতিভার।। তাহে পুনঃ হয় এই রজনীসময়। কিৰূপে হইবে বল দৃষ্টির বিষয়। অতএব বন্ধুর সাধ্বস তেজি দূরে। এই রাত্রি বাস কর কানন ভিতরে।।

> দৃষ্টং বনং কুসুমিত্ং রাকেশকররঞ্জিতং। মনুমানিল লীলৈজভুরুপল্লবশোভিতং॥ ২০॥

যুদি বন দেখা মাত্র হয় প্রয়োজন। বড় জুসম্ভব তাহা না হয় ঘটন।। নানা তরু প্রকৃলিত এ কাননে হয়। তাহাতে হয়েছে পুর্ণশশাক্ষ উদয়ন। তাহার কিরণে বন হয়েছে রঞ্জিত। যমুনা পরশি বায়ু বিশ্ছে গুলিত।। তাহে সুচঞ্চল হইতেছে তরুলতা। যাহা নির্পিলে চিত্তে বাড়ে তর্লতা।। অতএব তোমাদবে তাহা দেখিবারে। সকলে এসেছ সত্য হেরি ব্যবহারে।। ইইল সম্পান্ন এবে সেই প্রয়োজন । এ লাগিরে কহি
ব্রজে করহ গমন।। উপেক্ষা পক্ষের ব্যাখ্যা এই ইইল স্ট্রুরণ
পক্ষান্তর কহি এবে শুন পুনবায়।। কৃষ্ণ কন শুন শুন সব
গোপীগণ। কিবা সুশোভিত হয় এই র্ন্দাবন।। নানাবিধ
তক্লতা হয় কুসুমিত। বিশেষে রাকেশ-কর সমূহে রঞ্জিত।।
যমুনা তরক্ল সঙ্গী বহে সমীরণ। তাহে সুচঞ্চল সব তরুলতাগণ।। এই হেতু কহি এ মধুর রুদাবনে। থাকিতে উৎসাহ
সবে কর গোপীগণে।।

তামাতমাচিরং ঘোষং শুক্রায়ংং পতীন্ সঠীঃ। কলান্তি বংশাবালাশ্চ তানুপায়য়ত ছুহণত।। ২১ ॥

কানন সৌন্দর্য্য সবে করিলে দর্শন। অত্তথ্য ব্রঙ্গপ্রতি ক্রছ
গমন।। নিজ গৃহকর্ম দ্বিনন্ত্রাদি ঘোষে। ঘোষিত হয়েছে
যেই স্থান স্থানে যে খানেতে ঘোষ সব কর্যের বসতি।
তথায় গ্মন কর ওহে সাঞ্চীততি।। তোমাদের স্থিতি যোগদ
সেই স্থান হয়। স্থাচির বিলম্ব হেখা উপযুক্ত নয়।। তাই বলি
শীব্র ব্রজে করিয়া গমন। নিজ নিজ পতিজনে কর শুক্ষবণ।।
লোকেতে সকলে বলে তোমাসবে সতী। অত্যুচিত তাহে পরপুরুষে আরতি।। য়দি বল ব্রৈলোক্য সেবিত তব পদ। সকলে
সেবিব তাহা ত্যজিয়ে আপদ।। সর্ব্যর্থা পরিহরি যে তোমা
সেবয়। তার কোন মতে নহে অধর্মা উদয়।। লক্ষী বাঞ্জে যে
তরণ সেবন করিতে। আমরীও তার সেবা অভিলাঘি চিত্তে।।
তাহাতে অস্থা করে যেই গুরুজন। সে সকলে আমাদের
নাহি প্রয়োজন। তবে কহি শুন শুন সব ব্রজনারী। বৎস
বালকেতে সেহ গেছে কি'সরারি।। তোমাদিগে বছক্ষণ না
করি দুর্শন। তোমাদের শিশু সব করিছে ক্রন্দন।। বৎসগণ
দোহনের কালাপেকা করি। বিশ্বনে রয়েছে সবাকার প্র

रहित्।। এ लांशि नकटल मीख कतिरत्र भगन। भिक्षभर्ग क्रम দিয়ে করহ পালন।। গোদোহন নিশি প্রায় হইল আগত। লোহুন করিয়ে বৎসে কর আপ্যায়িত,।। এইত প্রথম পক टेश्न नमाधान। षिठीय भरकतं व्यर्थ कतं व्यवधान।। यरश्रुक রমণীয় হয় এই বন। অতএব এই স্থানে থাক কিছু ক্ষণ।। বদিও তোমরা পূহে গমন লাগিয়ে। উৎকণ্ঠিত আছ সবে আপন क्रम्रा । তথাপি অচিরে, নাহি করহ গমন। নিশি **অবসান কাল** কর বিলম্বন।। ্যদি বল সবে হই পতিত্রতা সতী। এলাগি স্বীকার নাহি করি পরপতি।। তাহা সতা হয় কিন্তু কর্ম প্রবণ। নিত্য নিত্য কর সবে প্রতিশুশ্রাষণ।। তাহাতে যে সুখ লাভ হয় সবাকার। তার কোটিগুণ সুখ সেবনে আমার ।। পরকীয়ারস অতি হয় সুললিত। আসা-দন করি বোধ করা সমুচিত।। বিশেষতঃ তোমরা হে সুমধ্যমা নারী। এ রস সেবন করা যোগ্য সর্বাকারি। এহেছুক আজি মব করি উপেক্ষণ। মম অভিলাষ সবে ক্রছ পুরগঁ॥ বৎস বালকাদি এবে ক্রন্থন না করে। অতএব কিবা শাস্তু করিবা ভাহারে।। শিশুকে পয়শ দান গাবীর দোহন। একণ নাহিক হর তার প্রোজন।। এহেতু ছাড়িয়ে সবে দে সব চাতুরী। **धरे ताजिक रश्या गर खबनाती।।**

> অথবা নদভিম্নেহান্তবত্যোবন্ত্রিতাশরাঃ। আগতা ভূপপন্নং তৎ প্রীরন্তে নম জন্তবঃ॥ ২২॥

অথবা আমার প্রতি ভোমা স্থাকার। আছুরৈ প্রগাড় শ্লেহ মনেতে বিস্তার।। যেহেতুক কি মানুষ কিবা জন্তুগণ। সকলের হই আমি স্লেহের ভাজন।। তাহাতে তোমরা হও ব্রজের বনিভা। মম প্রতি স্লেছ থোগা এহেতু সর্কথা। সেই স্লেহ প্রবশ হইয়া সকলোঁ। যদি আসিয়াছ বনে সরে নিশি কালো। উপযুক্ত বটে এহ নহে অঘটন। দেখিলে আমারে এবে যাহ নিকেতন। উপেকা পক্ষের্ এই ব্যাপ্যা স্থানির্মাল। প্রার্থনা পক্ষের এবে শুনহ কৌশল।। যদি বল আমরা ভোমারে ভালো বাসি। এলাগি ভবন ছাড়ি কাননে প্রবেশি।। ভোমার সেবুনে সরে মনে করি সাধ। তবে কেন ভুমি এত ভাবিছ বিবাদ।। তাহাতে কহেন রুক্ত শুন গোপীগণ। আমি হই প্রাণিমাত্র স্নেহের ভাজন।। স্বাভাবিকী প্রীতি করে আমারে সকলে। এলাগিয়ে সবে দেখা চাহে নেত্রাঞ্চলে।। ভোমরা কি সেই সাধারণ প্রেমবশে। আসিয়াছ রজনীতে বনে মম পাশে।। বিশেষ প্রণয় আছে না আছে সবার। ইহা ভাবি চিত্ত হয় ব্যাকুল আমার।। অতথব নানামত করি বিবেচন। কহিতেছি সকলেরে উৎকৃষ্ঠা বচন।।

> ভর্ঃ শুশ্রাষ্ট্র স্ত্রীণাং পরোধর্মোছমায়য়। উদ্বৰ্দাঞ্চ কলাাণ্যঃ প্রজানাঞ্চান্তুপোষণুং॥২৩॥

প্রাণিমাত্র করে যদি ভোমাতে পিরিতি। স্বাভাবিক বন্ধু তুমি সকঁলের গতি॥ বিশেষে আমরা হই ব্রজবাসি জন। আমাদের 'প্রেম তেন নহে সাধারণ।। তুমি হও ব্রজবাসি সকলের প্রাণ। এহেডু'বিশেষ প্রেম তোমাতে বিধান।। অতএব চাহি তব শুক্রমা করিতে।, অনুমতি দেহ, তাহা সক-রুণ চিতে।। গোপিকার এ আশয় ভাবিয়া এহিরি আপনিই কহিছেন করিয়া চাতুরী।। শুনহে কল্যাণি সূব এজ রামাগণ। নারীর পরম ধর্ম পৃতি শুক্রাষণ।। অকপটে আর তার বন্ধুর শুক্রষা। প্রজার পৌষণ হয় রম্ণীর ভূষা।। অভ্এব তোমা পবে হয়ে য়য় পর। ভাহাই করহ সবে গিরা নিজ ঘর।। বস্তুতঃ পরম ধর্ম তাহা নহে যেই। উপহাস করি হরি কহি-ছেন সেই।। যেহেতুক স্বভ্ক্তি,পরম ধর্ম হয়। যাহা ভাগবত জাদি শাস্ত্রের নির্ণয়।। প্রথম পর্শ্বর এই অর্থ সমাধান। দ্বিতীয় পক্ষের অর্থ কর অবধ্বান।। বুঝিলাম গোপীগণ আমি বিবেচিয়া। ক্বেল না আইলে, সবে স্নেহের লাগিয়া।। তোমাদের আছে মনে ধর্ম আভিলাব । তাহাতেই আসিয়াছ

সবে মম পাশ।। পতিশুশ্রাষণ যেন নারীধর্ম হয়। পতিবন্ধু শুশ্রাষণ তেন শাস্ত্রে কয়।। আমি স্বাভাবিক হই সবার কান্ধুব। আমার সেবন করা এহেতু সম্ভব্ন।। অত্এব তোমরা থাকিয়া এই স্থানে। করহ সেৱন সবে যাহা সাধ মনে।।

> • ছঃশীলোছর্ভগোরদ্ধোজড়োরোগ্যধনোপি বা। পতিঃ স্ত্রীর্ফিনহাতব্যোলোকেন্স,ভিরপাতকী॥ ২.৪॥

যদি বল সকলেতে নিজ নিজ পতি। পরিত্যাগ করি বনে করেছি আগতি।। তাহে পতিসেবা উপদেশযোগ্য নয়। এত ভাবি ক্লফ কন জানিতে জাশয়।। পতি যদি পাতকী পতিত নাহি হন। সতীর সে পতি ত্যাজ্য না হয় কথন।। বিশেষে উভয় লোক আভিলাবি যারা। কদাচ স্থ পতিত্যাগ নাহি করে তারা।। ছংশীল ছুর্ভাগ্য রুদ্ধ জড় রোগী অতি। ধনহীন হইলেও ত্যাজ্য নহে পতি।। তোমাদের পৃতি সব ব্রজবাসি জন। তাহারা না হয় কোন দোষের ভাঁজন।। প্ৰতিত পাতফী কেঁহ নহে কদাচিত। এহেতু সে প্ৰতিত্যাগ অতি অনুচিত।। প্রথমার্থে এইৰূপ ব্যাখ্যান স্কুন্দর। শ্লেষা-থেঁতে মনের মেণ্র কর অতঃপর।। যদি বল আমর। হে তেজি নিজ পতি শীনশিতে অরণ্য মাঝে করেছি,আগতি।। পতি-প্রতি অনুরাগ নাহি যে সবার। পতিবন্ধু সেবনে কি মাপেক। ভাহার।। এত চিত্তি কহিছেন কমলনয়ন। সতীর কি হয় পতি ত্যাজা কদাচন।। ছঃশীল্তা আদি দোষী হইলেও পতি। ত্যাগ নাহি করে লোক অভিলাঘি সতী। অতএব নিজধর্ম করিতে রক্ষণ। পতিবন্ধু জানি কর আমার সৈবন।।

> অস্বর্গাসবশস্তাঞ্চ কল্প কৃচ্ছু ই ভয়াবহং। জুগুলিতঞ্সুর্ব্বর্থ প্রসাপপত্যং কুলক্তিয়া ।। ২৫।।

যদি সবে কহ ওহে ক্রমল নয়ন। তর বাক্যে পতি নাহি করিব:ৰজ্জন"।। নামমাত্রে পতিভাব আহাতে করিব। পতিত্ব

ব্যাপার তোমাসহ আ্চরিব।। এতেক গোপিকাভাব উঠারে আপনি। অসুরীতে কন যেন রসিকের মণি।। ওহে গোপী-গণ একি দেখি ব্যবহার। উপপতি ভজিতে কি ইচ্ছা স্বা-কার।। যাহে স্বর্গগতি পথ হুয় নিরোধিত। বিনাশে সুযশঃ যাহা চির সুসঞ্চিত।। অতি তুচ্ছ হয় সদা উপপত্য কর্ম। ক্ষ ভয়াবহ তথা নাশে সর ধর্ম।। সর্বত্র নিন্দিত হয় যেই বাবহার। কুলস্ত্রীগণের যোগ্য নহে সে আচার।। অতএব সে गव वामना शिति হরি। নিজ নিজ গৃহে সবে যাও হে সুন্দরি।। প্রথম পক্ষের এই ভাষা বিবরণ। শ্লেষঅর্থে প্রণিধান কর ভক্তগণ।। যদি বল দবে মোরা বিরক্তি করণে। নিজ নিজ পতি ছাড়ি আদিয়াছি বনে।। এবে পুনঃ তাহে যদি করি উপপতি। নাশিবে উভয় লোকে আমাদের গতি।। গোপি-কার এআশার করিয়া, চিন্তন। ,ঈষদ হাসিয়া কন কমল নয়ন।।,ওহে গোপীগণ কেন ক্রহ সংশয়। উপপতা বটে সর্কত্রতঃ দ্বোশ্রাশ্র ।। তাহে স্বর্গ হানি করে সুযশঃ বিনাশে। ুতুচ্ছ ভরাবহ আদি বলি সবে ভাষে।। আমার বিষয়ে তাহা না'হয় নিন্দিত। যাহাতে অত্যন্ত আমি হই আনন্দিত। এলাগি সন্দেই ত্যাগকরিয়া সকলে। মম বাঞ্চা পরিপূর্ণা কর धरे उता।

> এবণাদর্শনাদ্ধানাময়ি ভাবো২সুকীর্নাৎ। ন'তথা সন্নিক্রেণ প্রতিবাত ততোগৃহান্।। ২৬ শ

যাদ বল লোকধর্ম তেজি সাধুজন। তোমারে সর্বদা যেন করমে ভজন। আমরা ভজিব তেন সব পরিহরি। উপেক্ষা না কর আমাসৰে নরহুরি।। এত ভাবি ক্লফ কন গোঁপী সবা-কারে। তাহাদের মনোইতি বুকিয়ার তরে।। প্রবণ দর্শন ধ্যান মদত্ব কীর্ত্তন। এ ব্যপে স্থামারে সদা ভজে সাধুজন।। তাহাতে যে ক্লপ হয় ভজন মাধুরী। ক্লিকটে তেমুন নাহি হয় হে সুন্দরী।। এ লাগি স্বগৃহ প্রতি করিয়া গমন। প্রবণাদি ভাবে কর আমারে ভজন। এইত প্রথম পক্ষ ভাষার নির্ণয়।
পক্ষান্তর কহি এবে শুন ভক্তচয়। আর দেখ গোপীগণ আমারু ভজনে। যত সুখ আছে ভাহা নাহি ত্রিভুবনে।। আমার
শ্রেবণ ধ্যান আমার কীর্ত্তন। করিলেও সুখি যেন হয় ভক্তমন।।
পতিসন্নিহিতেও-তেমন সুখ নয়। এ হেতু বৈরক্তি করা তাহে
যুক্ত হয়।। আমাতে বিরক্তি ভাব নহে সমুচিত। মহাসুখ হয়
মম সেবনে নিশ্চিত।। অতএব গৃহে নাহি যাও গোপীগণ।
এখানে থাকিয়া কর আমারে প্সেবন।।

অথ শ্রীক্নষ্ণের বাক্যচাতুর্য্যের প্রকৃত তাৎপর্য্য অজ্ঞান জন্য গোপীগণের বিষয়তা।

প্রীশুক্টবাচ।

ইতি বিপ্রিয়মাকর্ণ্য গোপোরগোবিক্ষভাত্তিতং। বিষয়বভাত্ত্বসংক্ষপাশিচন্তামাপুত্র বিভায়াং।। ২৭।।'

শুকদেব কন রাজা কর অবধান। এতেক বাগিতা যদি কৈলা ভগবুনে।। ক্ষেত্র আশার কিছু বুরিতে না পারি। অ-প্রের ভাষণ বলি মানে সব নারী।। গোবিদের অর্থন্বর যুক্ত শ্রীবচন। পরশিতে না পারিল গোপিইার মন।। বিবাদে বিমনা সদে হইলা রমণী। মানস সংকল্প ভগ্নকরি মনে মানি।। ছ্রভার চিন্তানীরে হইমা মগন। ভাবেন কি করি সবে আমরা এখন।। স্বাভাবিক প্রেময়র মূর্ত্তি নরহরি। আজি কি অভাগ্যে এত সুক্টিন হেরি।। এবে কি আমরা ক্ষণু চরণ্ ধরিয়া। সাধিব সকলে মেলি ব্তন করিয়া।। কিয়া ব্রজ্ঞতি কিছু করিয়া গমন। ক্ষণ্ডের মনের ভাব জানিব কেমন।। অথবা ক্ষেত্র আগে তমুক্টাগ করি। কিয়া প্রতিবাক্য কহি স্ভাব্টেগারি।। এই রূপ মহাচিন্তা সাগরে মগনা। মনে সনে সকলেতে করে উদ্ঘাটনা।। কুরা মুখানাব শুচঃ খসনেন শুষা দ্বিষাধরাণি চরণেন ভুবং লিখন্তাঃ। অত্যৈরূপাত্তমসিভিঃ কুচকুন্ধু মানি তন্ত্র জন্তা-উরুদ্ধুগুধভরাঃসাতুষীং॥ ২৮॥

कृर्वेत रमक्त वांगी, श्विन मव मीम श्विनी, ि हिश्वानी देत इहें मा मंगन। त्यां कर्ल्य प्रमायात्म, विश्वकलायत त्यां दिन निर्धा निर्धा कर कर कि कर कि लियन।। ३।। कि श्विशाय दे यति। विमीर्ग इंड धर्यान, कार कि विवा कर कि शिवा कर कि शिवा कर कि शिवा कर कि शिवा के कि शिवा कर कि शिवा कि

প্রেষ্ঠং প্রিয়েতরমিব প্রতিভাষনাণং কৃষ্ণং তদর্থবিনিবর্ত্তি সর্ব্বকামাং। নেত্রে বিমৃত্যা ক্রনিতোপহতে স্মৃকিঞ্চিৎ সংরক্ত- গদাদগিরোহক্রবআন্তরক্তাঃ।। ২৯,॥

স্নাভাবিক প্রাণ ধন, ব্রজাঙ্গনার জীবন, ক্ষা যার লাগি ব্রজনারী। গৃহ পত্নি গুরুজন, করি সব উপেক্ষণ, আসিয়াছে কানন ভিতরি ॥ ৫ ॥ বেণুরবাক্ষ হয়ে, সব কার্য্য তেয়াগিয়ে, যার সেরামাত্র করে আশা। তাহার কঠিন বাণী, বক্স সার হেন মানি, হৈল প্রীতি মান স্থপ্রকাশ।। ঈষদ কোপেতে ভরি, মার্জিয়া নয়ন বারি, কহে কিছু গদ গদ ভাষে। স্বস্থ ভাব উগারিয়া, কহে পবে বিবরিয়া, শুনি ক্ষা মুগ্ধ প্রেমাব্রেশ।। গ।। যেমন ক্ষেত্র বালা, অবগাহে ছইপক্ষ, সেই কাপ কহে গোপীগণ্ড। যার অর্থ জাস্বাদনে, মগ্র হয় ভক্তনগণে, ভাষা কহে এ শ্রীনারায়ণ।।

গোপাউচুঃ।। নৈবং বিভোহইতি ভবান্ গদিজুং নৃশংসং সংত্যজ্য সর্কবিষয়াংস্তব পাদমূলং। ভক্তা উজস্ব ভূরবগ্রহ-সায়জাসান্ দেবোযথাদিপ্রশ্বোভজতে গ্রুক্দুন্।।১৩০।।

কহিছেন গোপীগ়ণ, প্রণয় কোপে মগন, দৈন্যউক্তি গদাদ বচনে । ছলং নেত্রান্তর, ক্ষুরিত মধুরাধর, পুলক পুর্নিত অপ-घटन।। ১।। প্রাণনাথ কৈন.এত কঠিন হৃদয়। রসিকের শিরোমণি, হয়ে এত কূর বাণী, কহা তব উপযুক্ত নয়।। ধ্রু।। তোমার এ বাক্যবাণ, ঐবেশি মোদের প্রাণ, বিদরিছে বজ্ঞে যেন গিরি। তোমার ভজন আশে, তেজি মোরা গৃহবাসে, নিশিতে হয়েছি বনচারী ।। ২।। তেজি ধর্মা লাজকুল, ভজেছি চরণমূল, তুমি তবু প্রতিকূল হয়ে। ধর্মাভাস উপদেশে, উপে-চিছ कि माइरम, विनिश्चेति याई उव हिर्ते ॥ ७॥ जूमि य করিছ কর্মা, তোমার এ কোন ধর্মা, কহ নাথ আপনি বিচারি: আশা কুরি যে যাহার, তেজে গৃহ পরিবার, মে্কি করে নাচের ভিখারি॥ ৪॥ অতথব দয়াময়, তেজিয়ে কঠিনাশয়, ্ভজহ ভজনকারি জনে। যেন দেব নারায়ণ, স্বভজন পরায়ণ, জনে ভজে মুক্তিলিগ্মুগণে।। ৫।। তোমার প্রতিজ্ঞা এই, যেৰূপেতে ভৈজে যেই, তারে তুমি ভজ সেই ৰপে। সুদৃঢ় প্রতিজ্ঞা সেহ, এবে তুমি সে আগ্রহ, বল হে তেজিলে কৌন बला। ।। एन अटर व्याननाथ, कृत कुला पृष्टिशाक, छेट्शका না কর দাদী জনে। তোমার চরণমূলে, কুঁপেছি হে জাতি-कूरल, छेशकिरल मरत शाशीनात्।। १॥ ७३वश देमना कति, श्रुकछोटर्थ शांशनाती, नष्ठवदत कंदत् निद्यमन। दश्रयादर्थ ত্তদাশ্রময়, নিজ ভাব প্রকাশয়, কহি তাহা করহ অবণ।। ৮।। গোপী কহে বনমালী, কেন কর্ চতুরালী, তেজ ছ্বাগ্রহ অভিশয়। নিশিতে রমটী পেয়ে, কহ এত কি লাগিয়ে, হেন ক্রুর বাক্য যোগ্য নিয়॥ ১॥ यদি থাকে অভিনাধ, করিতে तामेविल्याम, তবে ভজ मृष्टभी कामिनी। य তেজি विषय कर्म লোক লজ্জাভয় ধর্ম্ম, তব পদ ভজ্ঞে, আপনি।। ২।। তারে

ভঙ্গা যোগ্য হয়, ইথে ব্যবহার চয়, দেখ যথা আদি নারা-য়ণ। মুমুক্ষু স্বভক্তর্জনৈ, ভজে নাহি চাহে আনে, ভুমি কেন কর অকরণ ॥ ৩॥ অভএব শুস হরি, আমাদের আশা ছাড়ি, সর্বভাবে ভজ অন্য জনে। গুয়ে বা হয় অনুগত, তাহাতে হইলে রভ, দোষভাগী না হয় ভুবনে।।

যৎ পতাপতাস্থস্দামন্ত্রভিরেঞ্চ স্ত্রীণাৎ স্বধর্ম ইতি ধর্মবি-দান্বয়োক্তং। অস্থ্রেবমেতত্পদেশপদে ব্য়ীশে প্রেঠো-ভবাংস্তন্ত্তাং কিল বন্ধুরানা ॥ ৩১॥

